

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
[www.brwt.gov.bd](http://www.brwt.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ০৫.০৮.২০১৭খ্রি:

### বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের উপ-কমিটির অনুষ্ঠিত সভা


০৫ আগস্ট ২০১৭খ্রি: শনিবার তারিখে বিকাল ০৩:৩০ ঘটিকায় বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সভা কক্ষে উপ-কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ট্রাস্টের মাননীয় ভাইস চেয়ারম্যান মি. সুপ্ত ভূষণ বড়ুয়া মহোদয়।

সভার প্রারম্ভে ১৯৭৫ সালের ১৫ই আগস্টে সংগঠিত বরবরোচিত হত্যাকাণ্ডে শহীদ বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বেগম মুজিবসহ তাঁর পরিবারের সকল সদস্য এবং অন্যান্য সকল শহীদের পারলৌকিক শান্তি কামনায় এক মিনিট দাঁড়িয়ে নিরবতা পালন করে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

উক্ত সভায় সভাপতির নির্দেশক্রমে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টে ২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া বাজেট উপস্থাপন করা হয় এবং বাজেটের বিভিন্ন দিক বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা পূর্বক মূল্যবান মতামত প্রদান করেন বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সম্মানিত ট্রাস্টি মি. মং ক্য চিং চৌধুরী (বান্দরবান পার্বত্য জেলা), সম্মানিত ট্রাস্টি মি. দয়াল কুমার বড়ুয়া (চট্টগ্রাম জেলা), সম্মানিত ট্রাস্টি মিসেস বাসন্তী চাকমা (খাগড়াছড়ি পার্বত্য জেলা), সম্মানিত ট্রাস্টি দীপক বিকাশ চাকমা (রাঙ্গামাটি পার্বত্য জেলা), ও সম্মানিত ট্রাস্টি খে মং লা রাখাইন মহোদয় (বরগুনা ও পটুয়াখালী জেলা)।

উপস্থিত সকল ট্রাস্টিদের পর্যালোচনান্তে ও সকলের সর্বসম্মতিক্রমে উক্ত বাজেট গৃহীত হয় এবং বাজেটের চূড়ান্ত অনুমোদনের জন্য আগামী বোর্ড সভায় বাজেটটি পেশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় আরো উপস্থিত ছিলেন বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্ট সচিব মি: জয়দত্ত বড়ুয়া, ট্রাস্টের উপ-পরিচালক মি: শ্যামল মিত্র বড়ুয়াসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

  
(জয়দত্ত বড়ুয়া)

সচিব

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।